

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৪২৮

-এ

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: নিরাপত্তাজনিত কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট কম্পাউন্ডে রাত্রিকালীন প্রবেশের সময় স্ব স্ব পরিচয়পত্র বহন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের বিচার অঙ্গনের সর্বোচ্চ স্থান এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে বিবেচিত। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিভিন্ন ভবনের কোর্ট রুমে বিচার কার্য পরিচালনা করে থাকেন। ফলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, মামলা পরিচালনায় নিযুক্তীয় আইনজীবীগণের নিরাপত্তা এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণ জরুরি।

২। ইতোপূর্বে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রবেশকালে স্ব স্ব পরিচয়পত্র বহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এলাকায় রাতে অপ্রত্যাশিত ব্যক্তিবর্গ প্রবেশ করছেন যা বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিরাপত্তা বিঘ্নিত করছে।

৩। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রাত ১১.০০ ঘটিকা থেকে সকাল ০৬.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রবেশের ক্ষেত্রে আবশ্যিকভাবে স্ব স্ব পরিচয়পত্র সাথে রাখার অনুরোধ করা হলো। জরুরি প্রয়োজনে উক্ত সময়ে কেউ বাংলাদেশ সুপ্রীম কোর্ট এলাকায় প্রবেশ করলে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাহিতমতে এনআইডি কার্ড/অফিসিয়াল পরিচয়পত্র প্রদর্শন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। নিরাপত্তা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন: ০২-২২৯৫১৪৬৪৬।

ই-মেইল: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ৯৩১৬

-এ

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা (বিজ্ঞ আইনজীবীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার (সকল), আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. চীফ লিগ্যাল এইড অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৭. বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
১০. ডেপুটি রেজিস্ট্রার (সকল), আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. উপ-পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (আদেশ কার্যকর করার জন্য ভবনের গেইটে পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ইএম বিভাগ-৫, ২য় ১২ তলা ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৫. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (ভবনের গেইটসমূহে প্রয়োজনীয় নিরাপত্তাকর্মী/দারোগান মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৬. সহকারী রেজিস্ট্রার (সকল), আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৭. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি মহোদয়, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৯. অফিসার ইনচার্জ, শাহবাগ থানা, ঢাকা।
২০. অফিসার ইনচার্জ, রমনা থানা, ঢাকা।
২১. পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার/বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. বার্তা সম্পাদক, বাসস।
২৩. নোটিশ বোর্ড।
২৪. অফিস কপি।

(মোঃ আল-ইমরান খান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)